

কোথা বাইরে দূরে যায় রে উড়ে হয় রে হয়,  
তোমার চপল আঁখি বনের পাখি বনে পালায় ॥  
ওগো, হৃদয়ে যবে মোহন রবে, বাজবে বাঁশি  
তখন আপনি সেধে ফিরবে কেঁদে, পরবে ফাঁসি—  
তখন ঘুচবে স্বরা, ঘুরিয়া মরা হেথা হোথায় ।  
আহা, আজি সে আঁখি বনের পাখি বনে পালায় ॥  
চেয়ে দেখিস না রে হৃদয়দ্বারে কে আসে যায়,  
তোরা শুনিস কানে বারতা আনে দখিনবায় ।  
আজি ফুলের বাসে সুখের হাসে আকুল গানে  
চির-বসন্ত যে তোমারি খোঁজে এসেছে প্রাণে—  
তারে বাহিরে খুঁজি ফিরিছ বুঝি পাগলপ্রায় ।  
তোমার চপল আঁখি বনের পাখি বনে পালায় ॥

---

Parjaay: Prem, Taal: Jhampak, Raag: Khambaj

Visit [www.geetabitan.com](http://www.geetabitan.com) for notation and other detail